গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

নং- ৩৯.০০.০০০০.০০০.২০৬.৯৯.০০৩১.২৫.২১২ তারিখঃ ১৩ কার্তিক ১৪৩২ / ২৯ অক্টোবর ২০২৫

বিষয়ঃ ২০২৫-২৬ অর্থবছরে 'বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচি' খাতে বিশেষ গবেষণা অনুদানের জন্য নির্বাচিত প্রকল্পের বিল দাখিল।

২০২৫-২৬ অর্থবছরে বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচির আওতায় বিশেষ গবেষণা অনুদানের জন্য নির্বাচিত ৬৬২টি গবেষণা প্রকল্পের প্রকল্প পরিচালককে (প্রিন্সিপাল ইনভেস্টিগেটর) ১ম ও ২য় কিস্তির (মোট অনুদানের ৫০%) অর্থ উত্তোলনের জন্য অনলাইনে মন্ত্রণালয়ের নির্দিষ্ট লিংকে প্রয়োজনীয় তথ্যাদি ও সংশ্লিষ্ট সকল ফরম পূরণপূর্বক সাবমিট করে হার্ডকপি মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। বিশেষ গবেষণা অনুদানের অর্থের বিষয়ে প্রকল্প পরিচালককে (প্রিন্সিপাল ইনভেস্টিগেটর) প্রকল্পের নামে আলাদা একটি যৌথ চলতি হিসাব খুলতে হবে। প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত সকল লেনদেন বাংলাদেশ ব্যাংকের তালিকাভুক্ত সিডিউল ব্যাংকের মাধ্যমে হতে হবে। প্রকল্প পরিচালক (প্রিন্সিপাল ইনভেস্টিগেটর) ও সংস্থা/বিভাগ/প্রতিষ্ঠানের যৌথ স্বাক্ষরে ব্যাংক একাউন্ট পরিচালনা করতে হবে। কিন্তু যে ক্ষেত্রে প্রকল্প পরিচালক (প্রিন্সিপাল ইনভেস্টিগেটর) নিজেই সংস্থা/বিভাগ/প্রতিষ্ঠানের প্রধান সেক্ষেত্রে প্রকল্প পরিচালক (প্রিন্সিপাল ইনভেস্টিগেটর) ও এসোসিয়েট ইনভেস্টিগেটর-এর যৌথ স্বাক্ষরে একাউন্ট পরিচালনা করতে হবে। **iBAS++ এর নির্দিষ্ট নিয়মে অর্থ ট্রান্সফার ও স্বচ্ছতার জন্য ৬৬২টি প্রকল্পের প্রত্যেকটির জন্য নতুন চলতি হিসাব খুলতে হবে। চলমান প্রকল্পের ক্ষেত্রে গত অর্থবছরের ব্যাংক হিসাব প্রযোজ্য হবেনা। চলমান প্রকল্পের ক্ষেত্রে নতুন ব্যাংক হিসাবের নামের শেষে- Second Phase/Third Phase উল্লেখ করতে হবে।**

০৩। সরকারি অর্থের যথাযথ ব্যয় নিশ্চিতকরণ এবং অডিটের সুবিধার্থে ক্যাশ বহি, চেক রেজিস্টার, ষ্টক রেজিস্টার ইত্যাদি সংরক্ষণ করতে হবে।

০৪। একজন Principal Investigator (PI) সর্বোচ্চ ২০,০০০/- (বিশ হাজার) টাকা ও একজন Associate Investigator (AI) সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা গবেষণা কাজের সম্মানি হিসেবে গ্রহণ করতে পারবেন।

০৫। সরকারি বিধি-বিধান অনুযায়ী ব্যয়কৃত অর্থের ভ্যাট ও ট্যাক্স কর্তনপূর্বক চূড়ান্ত রিপোর্ট-এর সাথে ভ্যাট ও ট্যাক্স প্রদানের মূলকপি ৩০ জুলাই ২০২৬ এর মধ্যে এ মন্ত্রণালয়ে জমা দিতে হবে।

০৬। এ অর্থ ব্যয়ে যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথভাবে পালন করাসহ ব্যয়ের ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে এবং প্রকল্প বাস্তবায়নে প্রকল্প সংশ্লিষ্ট সংশোধিত নীতিমালা মার্চ/২০১২ এ উল্লিখিত যাবতীয় শর্তাদি পালন করতে হবে।

০৭। প্রকল্প পরিচালক (প্রিন্সিপাল ইনভেস্টিগেটর) মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন (বাস্তব/অর্থনৈতিক/কারিগরী) অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন এবং অর্থবছর শেষে অর্থের হিসাব দাখিল করবেন।

০৮। মন্ত্রণালয় কর্তৃক গঠিত টেকনিক্যাল মনিটরিং টিমকে প্রকল্প চলাকালীন যে কোন সময়ে এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্প সমাপনান্তে প্রকল্পের বাস্তব/অর্থনৈতিক অগ্রগতি প্রদর্শন কাজে প্রকল্প পরিচালককে সহযোগিতা করতে হবে।

০৯। বিশেষ গবেষণা অনুদানের অর্থ EFT (Electronic Funds Transfer) এর মাধ্যমে প্রদান করা হবে বিধায় সকল প্রকল্প পরিচালককে নিম্নবর্ণিত পদ্ধতিতে বিল সাবমিট করতে হবে:

ক) প্রথমে প্রকল্পের নামে বাংলাদেশ ব্যাংকের তালিকাভুক্ত যে কোন সিডিউল ব্যাংকে একাউন্ট খুলতে হবে। একাউন্টের নামে শুধু মাত্র A-Z/a-z অক্ষর থাকবে এবং ডট (.) থাকবে। তবে ডট নামের শুরুতে বা শেষে থাকতে পারবে না।

খ) এ মন্ত্রণালয়ের IDSD-Platform এ Login করে https://accounts.most.gov.bd/my-account/en/grant/bill-submission/create লিংকে বা Dash Board এর Bill Submission লিংকে যেতে হবে।

গ) উক্ত লিংকে চাহিত বিভিন্ন তথ্য প্রদান করতে হবে।

ঘ) ফরমের NID এবং মোবাইল নাম্বার Profile-এ প্রদত্ত NID এবং মোবাইল নাম্বারের সাথে মিল থাকতে হবে। মোবাইল নাম্বারটি অবশ্যই প্রদত্ত NID নাম্বারের বিপরীতে রেজিস্ট্রিকৃত হতে হবে।

ঙ) প্রধান গবেষক কর্তৃক বিলটি যথাযথভাবে পূরণ করার পর তা সাবমিট করলে তা সংস্থাপ্রধান/প্রতিষ্ঠান প্রধান/প্রত্যয়নকারী কর্মকর্তার নিকট ফরোয়ার্ড হবে।

চ) সংশ্লিষ্ট সংস্থাপ্রধান/প্রতিষ্ঠান প্রধান/প্রত্যয়নকারী পরিবর্তন হয়ে থাকলে নিম্নবর্ণিত তথ্যাদি (st6@most.gov.bd) ই-মেইলে প্রেরণ করতে হবে:

1. Organization/Institutes/University Name
2. Organization/Institutes/University Address (with Postal Code & Upazila/Police Station Name)
3. Name of the Authority of the Organization/Institutes/University
4. Designation of the Authority of the Organization/Institutes/University
5. Contact Email
6. Cell Phone Number
7. E-Signature (Clear image)
8. Seal (Clear image)

ছ) সংশ্লিষ্ট সংস্থাপ্রধান/প্রতিষ্ঠান প্রধান/প্রত্যয়নকারী কর্তৃক প্রত্যয়ন করার পর প্রকল্প পরিচালক (প্রিন্সিপাল ইনভেস্টিগেটর) IDSDP-তে পুনরায় লগইন করে বিলটি সাবমিট করবেন এবং বিলের একটি কপি প্রিন্টসহ সংযুক্ত ANNEXURE–L মোতাবেক ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা, ফরমেট অনুযায়ী Information form, প্রকল্প পরিচালক (প্রিন্সিপাল ইনভেস্টিগেটর) এর TIN সার্টিফিকেট, জাতীয় পরিচয় পত্রের কপি, প্রকল্পের নামে খোলা ব্যাংক একাউন্টের চেক বইয়ের রাউটিং নম্বর থাকা ১ম পৃষ্ঠার ফটোকপিসহ একসেট হার্ডকপি কুরিয়ার এর মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

জ) ১০ নভেম্বর ২০২৫ তারিখ রাত ১২ টার মধ্যে অনলাইনে বিল দাখিল করে আগামী ১৬ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে হার্ড কপি পৌঁছাতে হবে। উল্লেখ্য, যেহেতু বিশেষ গবেষণা অনুদানের অর্থ EFT (Electronic Funds Transfer) এর মাধ্যমে প্রদান করা হবে তাই অনলাইনে বিল দাখিলের সময় খুবই সতর্কতার সাথে ব্যাংকের প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করতে হবে। যদি ব্যাংকের প্রয়োজনীয় তথ্যাদি ভুলভাবে প্রদান করা হয় অথবা নিয়মের কোন প্রকার ব্যত্যয় ঘটে এবং হার্ডকপির এক সেট মন্ত্রণালয়ে না পৌঁছায় সেক্ষেত্রে বিশেষ গবেষণা অনুদানের অর্থ প্রাপ্তির যে কোন বিষয়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কোন দায়ভার বহন করবে না।

ঝ) বিগত অর্থবছরসমূহে EFT (Electronic Funds Transfer) এর মাধ্যমে অর্থ প্রদানের অভিজ্ঞতায় পরিলক্ষিত হয়েছে যে, অনেক ভুল তথ্য প্রদান বা পুরাতন চলতি হিসাব প্রদানের জন্য বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হয়েছে। সে প্রেক্ষিতে NID ও NID এর অনুকূলে নিবন্ধিত ফোন নম্বর, প্রকল্পের নামে খোলা ব্যাংকের চলতি হিসাব নম্বর যাচাইপূর্বক বিল সাবমিট করার জন্য অনুরোধ করা হলো। তাছাড়া বিলসমূহ যথাযথভাবে প্রেরণের লক্ষ্যে হার্ডকপির প্রয়োজন হবে। বিপ্র-০৬ শাখায় যথাসময়ে হার্ডকপি না পৌঁছালে অর্থপ্রাপ্তির জন্য পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হবে না।

**হার্ডকপি প্রেরণের ঠিকানা:**
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
দৃ: আ:
মোহাম্মদ আমিনুল ইসলাম খান
উপসচিব
ভবন নং-০৬, কক্ষ নং- ৯১৭, ১০ম তলা
ফোন: ০২২২৩৩৫৬৫৩৯
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সংযুক্তিঃ বর্ণনামতে তিন (৩) পৃষ্ঠা।

২৭/১০/২৫
মোহাম্মদ আমিনুল ইসলাম খান
উপসচিব
ফোন: ০২২২৩৩৫৬৫৩৯
ই-মেল: st6@most.gov.bd

**প্রকল্প পরিচালক/প্রিন্সিপাল ইনভেস্টিগেটর** (২০২৫-২৬ অর্থবছরে বিশেষ গবেষণা অনুদানের জন্য নির্বাচিত সকল প্রকল্প)

নং- ৩৭.০০.০০০০.০০০.২০৬.৯৯.০০৩১.২৫.২১২/১(৭৩৯) তারিখঃ ১৩ কার্তিক ১৪৩২ / ২৯ অক্টোবর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। উপাচার্য/রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২। উপাচার্য/রেজিস্ট্রার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩। উপাচার্য/রেজিস্ট্রার, বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪। উপাচার্য/রেজিস্ট্রার, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৫। উপাচার্য/রেজিস্ট্রার, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
৬। উপাচার্য/রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৭। উপাচার্য/রেজিস্ট্রার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
৮। উপাচার্য/রেজিস্ট্রার, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
৯। উপাচার্য/রেজিস্ট্রার, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।
১০। উপাচার্য/রেজিস্ট্রার, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১১। উপাচার্য/রেজিস্ট্রার, ইসলামীক বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
১২। উপাচার্য/রেজিস্ট্রার, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
১৩। উপাচার্য/রেজিস্ট্রার, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১৪। উপাচার্য/রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা।
১৫। উপাচার্য/রেজিস্ট্রার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৬। উপাচার্য/রেজিস্ট্রার, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর।
১৭। উপাচার্য/রেজিস্ট্রার, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৮। উপাচার্য/রেজিস্ট্রার, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।
১৯। উপাচার্য/রেজিস্ট্রার, বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, কাদিরাবাদ ক্যান্টনমেন্ট, নাটোর।
২০। উপাচার্য/রেজিস্ট্রার, বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব সাইন্স অ্যান্ড টেকনোলজি, সৈয়দপুর।
২১। উপাচার্য/রেজিস্ট্রার, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর।
২২। উপাচার্য/রেজিস্ট্রার, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী।
২৩। উপাচার্য/রেজিস্ট্রার, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী।
২৪। উপাচার্য/রেজিস্ট্রার, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাঙ্গাইল।
২৫। উপাচার্য/রেজিস্ট্রার, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।
২৬। উপাচার্য/রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।
২৭। উপাচার্য/রেজিস্ট্রার, বাংলাদেশ মেরিটাইম বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২৮। উপাচার্য/রেজিস্ট্রার, গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।
২৯। উপাচার্য/রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।
৩০। উপাচার্য/রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সাইন্সেস, ঢাকা।
৩১। উপাচার্য/রেজিস্ট্রার, চট্টগ্রাম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৩২। উপাচার্য/রেজিস্ট্রার, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩৩। উপাচার্য/রেজিস্ট্রার, ব্রাক বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩৪। উপাচার্য/রেজিস্ট্রার, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি, ঢাকা।
৩৫। উপাচার্য/রেজিস্ট্রার, আন্তর্জাতিক ইসলামীক বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৩৬। উপাচার্য/রেজিস্ট্রার, ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার এ্যান্ড টেকনোলজি, ঢাকা।
৩৭। উপাচার্য/রেজিস্ট্রার, গণ বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৩৮। উপাচার্য/রেজিস্ট্রার, ইন্ডিপেন্ডেন্ট বিশ্ববিদ্যালয়-বাংলাদেশ, ঢাকা।
৩৯। উপাচার্য/রেজিস্ট্রার, Stamford University Bangladesh, Dhaka.
৪০। উপাচার্য/রেজিস্ট্রার, State University of Bangladesh, Dhaka.
৪১। উপাচার্য/রেজিস্ট্রার, World University of Bangladesh, Dhaka.
৪২। উপাচার্য/রেজিস্ট্রার, Aviation and Aerospace University, Bangladesh, Dhaka.
৪৩। উপাচার্য/রেজিস্ট্রার, Bangladesh University of Textiles, Dhaka.
৪৪। উপাচার্য/রেজিস্ট্রার, BGMEA University of Fashion & Technology (BUFT), Dhaka.
৪৫। উপাচার্য/রেজিস্ট্রার, Daffodil International University, Savar, Dhaka.
৪৬। উপাচার্য/রেজিস্ট্রার, Hamdard University Bangladesh, Munshiganj.
৪৭। উপাচার্য/রেজিস্ট্রার, Jatiya Kabi Kazi Nazrul Islam University, Mymensingh.
৪৮। উপাচার্য/রেজিস্ট্রার, Rabindra Maitree University, Kushtia.
৪৯। উপাচার্য/রেজিস্ট্রার, খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়, সিরাজগঞ্জ।

৫০। কমান্ড্যান্ট, মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ঢাকা।
৫১। চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা।
৫২। চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, ধানমন্ডি, ঢাকা।
৫৩। মহাপরিচালক, বারডেম জেনারেল হাসপাতাল, ঢাকা।
৫৪। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
৫৫। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৫৬। মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি, গণকবাড়ি, আশুলিয়া, সাভার, ঢাকা।
৫৭। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা), ময়মনসিংহ।
৫৮। মহাপরিচালক, বাংলাদেশ সমুদ্র গবেষণা ইনস্টিটিউট, রামু, কক্সবাজার।
৫৯। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই), ঢাকা।
৬০। মহাপরিচালক, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, দিনাজপুর।
৬১। অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
৬২। অধ্যক্ষ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা।
৬৩। অধ্যক্ষ, গোপালগঞ্জ মেডিকেল কলেজ, গোপালগঞ্জ।
৬৪। অধ্যক্ষ, রাঙ্গামাটি মেডিকেল কলেজ, রাঙ্গামাটি।
৬৫। অধ্যক্ষ, Universal Medical College, Dhaka.
৬৬। অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম।
৬৭। পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অফ প্রিভেন্টিভ অ্যান্ড সোশ্যাল মেডিসিন (নিপসম), ঢাকা।
৬৮। পরিচালক, Bangladesh Shishu Hospital & Institute, Dhaka.
৬৯। সভাপতি, National Oceanographic and Maritime Institute (NOAMI), Dhaka.
৭০। সভাপতি, Hypertension & Research Centre, Rangpur
৭১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা।
৭২। সচিবের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা।
৭৩। প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭৪। অতিরিক্ত সচিব (বি:প্র:) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা।
৭৫। যুগ্মসচিব (অধিশাখা-০২) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা।

২৯/১০/২৫

মোহাম্মদ আমিনুল ইসলাম খান
উপসচিব

# Information From
# (For Special Research Grant Bill)

| | | | |
|---|---|---|---|
| 01. | Project ID | : | |
| 02. | Name of the Project | : | |
| 03. | Project Group | : | BS/EAS/ES/ID/MS/PS |
| 04. | Name of the Principal Investigator | : | |
| 05. | NID Number | : | |
| 06. | Date of Brith | : | |
| 07. | Mobile Number | : | |
| 08. | E-mail Address | : | |
| 09. | Name of the University/Organization | : | |
| 10. | TIN Number of Principal Investigator (PI) | : | |
| 11. | Name of the Associate Investigator | : | |
| 12. | Bank Information (Must be a new account) | | |
| i. | Account Number | : | |
| ii. | Account Name | : | |
| iii. | Bank Name | : | |
| iv. | Branch Name | : | |
| v. | Routing Number | : | |

Signature, seal and date of the Principal Investigator

ANNEXURE - L

## বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচির আওতায় বিশেষ গবেষণা অনুদান প্রকল্পের পরিচালক কর্তৃক বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় থেকে গবেষণা প্রকল্পের বিপরীতে গৃহীত আর্থিক বরাদ্দের যথোপযুক্ত ব্যবহার সম্পর্কিত অঙ্গীকারনামা

Project ID:

গবেষণা প্রকল্পের শিরোনাম:

আমি ........................................................... পিতা/স্বামী ...........................................................

স্থায়ী ঠিকানাঃ শহর/গ্রাম ........................................................... ডাকঘর (কোড সহ) ...........................................................

থানা ........................................................... জেলা ...........................................................

প্রকল্প এলাকার ঠিকানাঃ ...........................................................

...........................................................

শিরোনামে উল্লেখিত গবেষণা/প্রকল্পের পরিচালক চলতি ২০২৫-২৬ অর্থবছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় প্রদত্ত অর্থে উক্ত গবেষণা/প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত আরোপিত যাবতীয় নিয়মকানুন স্বজ্ঞানে স্বেচ্ছায় মেনে নিয়ে অঙ্গীকার করছি যে:

(১) "Guidelines for Different Programmes Under Special Allocation for Science and Technology" – শীর্ষক নির্দেশিকার Terms and Conditions of the Special Allocation for the Science and Technology যথাযথভাবে মেনে চলব;

(২) আমি/আমরা এই সংস্থা কর্তৃক দাখিলকৃত বাজেট ও কর্ম পরিকল্পনা অনুযায়ী কর্মসূচি/প্রকল্পটি চলতি ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়নপূর্বক এ সম্পর্কিত প্রযুক্তিগত তথ্য সমৃদ্ধ প্রতিবেদন নির্ধারিত ফরমেটে Research Abstract এবং Journal of Science and Technology Research-এ প্রকাশের জন্য Manuscript আপনার মন্ত্রণালয় ও ব্যান্সডক-এ দাখিল করব এবং মন্ত্রণালয়ের ছাড়প্রাপ্তি সাপেক্ষে উক্ত Manuscript আন্তর্জাতিক/জাতীয়ভাবে স্বীকৃত জার্নালে প্রকাশের ব্যবস্থা করব;

(৩) কর্মসূচি/প্রকল্পটি সমাপ্তির সঙ্গে সঙ্গেই প্রদত্ত বাজেট অনুযায়ী যাবতীয় খরচ বিবরণী মূল ভাউচারের সাথে সরকারি বিধান অনুযায়ী আয়কর, উৎসেকর বাবদ অর্থ নির্ধারিত কোডে চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক চালানের মূলকপি আপনার মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা প্রদানে বাধ্য থাকব;

(৪) কর্মসূচি/প্রকল্পের অগ্রগতি মূল্যায়নের জন্য মন্ত্রণালয় কর্তৃক নিয়োজিত যে কোন বিশেষজ্ঞ/কর্মকর্তাকে প্রকল্পের যাবতীয় কর্মকান্ড অবহিত হতে সহযোগিতা করব;

(৫) কর্মসূচি/প্রকল্পের জন্য নির্ধারিত সময়সীমা উত্তীর্ণ হবার পূর্বে যদি কোন কারণে আমি/আমরা কর্মসূচি/প্রকল্প পরিত্যাগ করি বা কর্মসূচি/প্রকল্প চালাতে অপারগ হই বা কর্মসূচি/প্রকল্প পরিচালনা সম্পর্কিত সরকারি নীতিমালা মেনে চলতে ব্যর্থ হই তবে সরকার কর্তৃক মঞ্জুরীকৃত সমুদয় অর্থ নির্দেশনা মোতাবেক ফেরৎ দিতে বাধ্য থাকব;

(৬) কর্মসূচি/প্রকল্পের বিপরীতে মঞ্জুরীকৃত অর্থ দ্বারা আমি/আমরা কোন প্রকার ভৌত অবকাঠামো নির্মাণ বা ব্যক্তিগত প্রয়োজন মেটাব না এবং যাবতীয় অর্থ অনুমোদিত বৈজ্ঞানিক গবেষণা/প্রযুক্তি উন্নয়নে ব্যয় করব; মঞ্জুরীকৃত অব্যয়িত অর্থ নির্দেশনা মোতাবেক ফেরৎ দিতে বাধ্য থাকব;

(৭) কর্মসূচি/প্রকল্পটির শুরু করার পর এলাকার অবস্থান পরিবর্তন হলে আমি/আমরা লিখিতভাবে আপনার মন্ত্রণালয়কে অবহিত করব এবং অবহিত রাখব।

(৮) কর্মসূচি/প্রকল্পটি সম্পন্ন হওয়ার পর প্রকল্পের Journal-প্রকাশের জন্য Manuscript এবং Abstract নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করব।

আমি/আমরা আরও অঙ্গীকার করছি যে, সরকার প্রদত্ত অর্থ সহায়তাকে উদ্দীপক হিসাবে গ্রহণ করে দেশের সার্বিক কল্যাণে বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়নের সঙ্গে আমার/আমাদের মেধা ও শ্রম নিয়োজিত করব।

অর্থের পরিমাণ ......................................

বাংলাদেশ ব্যংক, ঢাকা-এর মাধ্যমে গবেষণা কর্মসূচির অনুকূলে বরাদ্দকৃত অর্থ বুঝে পেলাম।

প্রথম স্বাক্ষী ____________________
(নাম ও স্বাক্ষর, তারিখসহ, ফোন নং ও মোবাইল নং)
সীল মোহর ____________________ (আবশ্যিক)

দ্বিতীয় স্বাক্ষী ____________________
(নাম ও স্বাক্ষর, তারিখসহ, ফোন নং ও মোবাইল নং)
সীল মোহর ____________________(আবশ্যিক)

কর্মসূচি/প্রকল্প পরিচালক/(প্রিন্সিপাল ইনভেস্টিগেটর)
(নাম ও স্বাক্ষর, তারিখসহ, ফোন নং ও মোবাইল নং)
সীল মোহর ____________________(আবশ্যিক)

প্রতিষ্ঠান পরিচালক /সংস্থা প্রধান
(নাম ও স্বাক্ষর, তারিখসহ, ফোন নং ও মোবাইল নং)
সীল মোহর ________________(আবশ্যিক)

কর্মসূচি/প্রকল্পের সহযোগী গবেষকের
(নাম ও স্বাক্ষর, তারিখসহ, ফোন নং ও মোবাইল নং)
সীল মোহর ____________________(আবশ্যিক)

সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা - ১০০০।

বিঃদ্রঃ দুইজন স্বাক্ষী, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা বা স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের শিক্ষক/বিজ্ঞানী/প্রযুক্তিবিদ হবেন এবং অঙ্গীকারনামা ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে প্রিন্ট নিয়ে পূরণ করে প্রেরণ করতে হবে।